



রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫

ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com

ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫৬২.০১.০২৪.১৯. ৩০৮

তারিখঃ ১০ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়ঃ- বিদ্যুৎ বিল পরিশোধ/বকেয়া সংক্রান্ত কোটেশন (RFQ) আহবান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী মুদ্রন মালামাল সরবরাহের জন্য প্রকৃত মুদ্রণ ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিচ বর্ণিত শর্তে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত কোটেশন (RFQ) আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১	বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্রঃ সাইজ $8\frac{1}{2} \times 11$ '' চলমান, ৭০ ডিএসএম অফসেট পেপারে ২ অংশে বিভক্ত করে মুদ্রিত হবে। ষ্টার পাঞ্চ, ডাষ্ট ফ্রি, প্রতি বক্সে ২০০০ সীট থাকতে হবে। প্রতি বক্সের ওজন কমপক্ষে ৯.৩৩ কেজি হতে হবে। নমুনা অনুযায়ী।	২,৪০,০০০ টি		
২	বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত প্রত্যয়ন পত্রঃ সাইজ $8\frac{1}{2} \times 11$ '' চলমান, ৭০ ডিএসএম অফসেট পেপারে ২ অংশে বিভক্ত করে মুদ্রিত হবে। ষ্টার পাঞ্চ, ডাষ্ট ফ্রি, প্রতি বক্সে ২০০০ সীট থাকতে হবে। প্রতি বক্সের ওজন কমপক্ষে ৯.৩৩ কেজি হতে হবে। নমুনা অনুযায়ী।	১,১৫,০০০ টি		

শর্তাবলীঃ

- ০১। অগ্রাহী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করিয়া আগামী ৩১/০১/২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে সরাসরি সীল কোটেশন দাখিল করিতে পারিবেন। প্রাপ্ত দরপত্র সমূহ ঐদিন (৩১/০১/২০১৯ খ্রিঃ) বেলা ১২:৩০ ঘটিকা সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০২। দরপত্রের খামের উপর “বিদ্যুৎ বিল পরিশোধ/বকেয়া প্রত্যয়নপত্র সরবরাহের দরপত্র” কথাটি লিখিতে হইবে।
- ০৩। সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গ্রহণযোগ্য হইলে কার্যাদেশ প্রদানের নির্ধারিত তারিখের মধ্যে মালামাল নিজস্ব খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌছাতে হইবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর $\frac{1}{10}$ অংশ হিসাবে অর্থ বিল হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না।
- ০৪। সরবরাহকারীকে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরাসরি মালামালের মূল্য পরিশোধ করা হইবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে।
- ০৫। দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লুইড ব্যবহার করা যাইবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।
- ০৬। সরকারী বিধি মোতাবেক কার্যাদেশে প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হইতে আয়কর ও ভ্যাট কর্তন করা হইবে।
- ০৭। দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করিতে পারিবেন।
- ০৮। তালিকায় উল্লিখিত মালামাল এর পরিমাণ কম/বেশী করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(মোঃ নূরুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা- বাপবিবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ০৩। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- ০৪। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর/পীরগঞ্জ/পীরগাছা/সাদুল্লাপুর/সুন্দরগঞ্জ, রংপুর/গাইবান্ধা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, রংপুর।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, রংপুর।
- ০৯। ডিজেএম, কারিগরী/ পীরগাছা/সুন্দরগঞ্জ/পীরগঞ্জ জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ১০। এজিএম(ওএন্ডএম), সাদুল্লাপুর সাব জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ১১। এজিএম(অর্থ), রংপুর পবিস-১।
- ১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১ : সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
- ১৩। মেসার্স.....
- ১৪। নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।

(মোঃ নূরুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার